

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/ইউপি-৪০/২০০৮(অংশ-১)-১৬৫০


তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।
১৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ।

বিষয় : নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন মাগুড়া ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের অনুমতি প্রদান বিষয়ে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, নীলফামারী কার্যালয়ের পত্র নং-৮০৬, তারিখ : ৩০.১১.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত জমির খতিয়ানের সাথে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির তফসিলে উল্লিখিত খতিয়ান নম্বরের সাথে মিল রেখে জমির তফসিল এবং নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণীর মূল/সত্যায়িত ছায়াছবি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
- (খ) জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ানসহ অন্যান্য পর্চার মূল/নকলের কপি;
- (গ) স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংগীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;
- (ঘ) পরিদর্শন প্রতিবেদন, জমির দলিল এবং পর্চার সাথে মিল রেখে জমির মৌজা, জে এল নম্বর, খতিয়ান নম্বর এবং দাগ নম্বরসহ সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির বিস্তারিত তফসিল;


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
নীলফামারী।

অনুলিপি :

সহকারী প্রোগ্রামার,
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।